

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা  
<http://www.dwa.gov.bd>

৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
তারিখ: ১৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.০০৮.০৮.০০৩৩.১৮.২৭

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তরের 'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় উপকারভোগী নির্বাচন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় গত ৫ মে, ২০২৫ হতে ১২ মে, ২০২৫ তারিখের মধ্যে ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত আবেদন গ্রহণের সময়সীমা নির্ধারণ করা হলেও কারিগরি ত্রুটির কারণে পূর্বের নির্ধারিত সময়ে আবেদন গ্রহণ সম্পন্ন করা সম্ভব হয়নি। ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় বর্তমান চক্রের উপকারভোগী নির্বাচন নিম্নোক্ত সূচি অনুযায়ী বাস্তবায়নের পুন: পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

ভিডব্লিউবি কার্যক্রমের উপকারভোগী নির্বাচন এর সময়সূচি:


| তারিখ                             | খাপ/কাজ  | দায়িত্ব                                      | সহায়তাকারী |
|-----------------------------------|--|---|-------------|
| ০৫ মে - ২২ মে, ২০২৫<br>= ১৮ দিন   | সারাদেশে অনলাইনে আবেদন গ্রহণ   | ইউপি, ইউডিসি উদ্যোক্তা, তথ্য<br>আপা ও উমবিক   | DWA & WFP   |
| ২৩ মে - ২৯ মে, ২০২৫<br>= ৭ দিন    | যাচাই-বাছাইয়ান্তে ইউনিয়ন কমিটি কর্তৃক<br>এমআইএস সিস্টেমে উপজেলায় প্রাথমিক তালিকা<br>প্রেরণ  | ইউপি প্রশাসনিক কর্মকর্তা ও<br>ইউনিয়ন পরিষদ   | DWA & WFP   |
| ৩০ মে - ০৪ জুন<br>২০২৫ = ৬ দিন    | গণজমায়েত ও যাচাই-বাছাইয়ান্তে উপজেলা কমিটি<br>কর্তৃক এমআইএস সিস্টেমে উপকারভোগীদের খসড়া<br>তালিকা প্রস্তুত                                  | ইউপি ও উপজেলা মহিলা<br>বিষয়ক কর্মকর্তা (সকল) | DWA & WFP   |
| ০৫ জুন - ১৯ জুন<br>২০২৫ = ১৫ দিন  | তালিকা উন্মুক্তকরণ, অভিযোগ নিষ্পত্তি অন্তে<br>উপকারভোগীদের খসড়া তালিকা সংশোধন ও<br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত তালিকা অনুমোদন ও<br>প্রণয়ন | ইউপি ও উপজেলা মহিলা<br>বিষয়ক কর্মকর্তা (সকল) | DWA & WFP   |
| ২০ জুন - ২৯ জুন,<br>২০২৫ = ১০ দিন | উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত চূড়ান্ত<br>উপকারভোগীদের মধ্যে কার্ড বিতরণ  | ইউপি ও উপজেলা মহিলা<br>বিষয়ক কর্মকর্তা (সকল) | DWA & WFP   |

বর্ণিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ইতোমধ্যে উপকারভোগী নির্বাচন সংক্রান্ত এমআইএস ম্যানুয়েল, ভিডিও টিউটোরিয়াল অধিদপ্তরের ওয়েবসাইটে, DWA অফিসার্স গ্রুপে এবং VWB গ্রুপে দেয়া হয়েছে। ম্যানুয়েল অনুসরণে ও কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং পাশাপাশি নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১. নির্ধারিত ইউজার ব্যতীত কোনভাবেই অন্য কাউকে ইউজার হিসাবে অন্তর্ভুক্ত করা যাবেনা। ইউনিয়ন উদ্যোক্তাগণ (পুরুষ ও মহিলা) সিস্টেমে শুধুমাত্র আবেদন গ্রহণ করতে পারবেন। ইউনিয়ন উদ্যোক্তা ব্যতীত অফিস সহকারী বা অন্য কাউকে অন্তর্ভুক্ত করা যাবেনা।
২. মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দেয়া নম্বরে ওটিপি যাবে যার মাধ্যমে কর্মসূচির এমআইএস এ লগ ইন করা যাবে। উপজেলা/জেলা ইউজার আইডি'র তত্ত্বাবধায়ক সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/উপপরিচালক। তার আইডি থেকে কোন প্রকার তথ্য আউট এর ঘটনা সংঘটিত হলে এর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এ কারণে এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।
৩. ইউনিয়ন সচিবগণ (প্রশাসনিক কর্মকর্তা) সিস্টেমে আবেদন গ্রহণ করতে পারবেন না। তারা শুধুমাত্র উপকারভোগীদের প্রাথমিক তালিকা (ছক-২) তৈরী করতে পারবেন।

৪. উপকারভোগীদের আবেদন গ্রহণ থেকে শুরু করে চূড়ান্ত নির্বাচন পর্যন্ত এমআইএস সংক্রান্ত যে কোন সমস্যার বিষয়ে তাৎক্ষণিকভাবে এই আইডিতে ([dwa.vwb.ho@gmail.com](mailto:dwa.vwb.ho@gmail.com)) মেইল করার জন্য অনুরোধ করা হলো।
৫. ইতোপূর্বে প্রদেয় ৩টি মোবাইল নম্বর এর পরিবর্তে নতুন এই দুটি মোবাইল নম্বরে (০১৩৩৮৮৯২১৮৬ ও ০১৩৩৮৮৯২১৮৮) যে কোন কারিগরী সহায়তা প্রাপ্তির জন্য যোগাযোগ করার অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৯-০৫-২০২৫  
শারমিন শাহীন  
উপ পরিচালক  
০২-৯৩৩১২৭৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। উপপরিচালক (সকল) জেলা পর্যায়ে।
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.০০৮.০৮.০০৩৩.১৮.২৭/১ (৪)

তারিখ: ৫ জ্যেষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ২। মোহাম্মদ মাহবুবুর রহমান, প্রোগাম পলিসি অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি।
- ৩। কামাল শরীফ, এমআইএস অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি।
- ৪। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।





১৯-০৫-২০২৫  
শারমিন শাহীন  
উপ পরিচালক